

# INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021 Let The Youth Lead



## বিতর্ক প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকেন্দ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহবান করা হচ্ছে। বিতর্ক প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

### বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

### বিষয়বস্তু:

ক গ্রুপ: “খাদ্য অপচয় রোধে-ই ক্ষুধামুক্ত সমাজ গড়তে যথেষ্ট”।

খ গ্রুপ: “ছাত্রছাত্রীদের স্বাস্থ্যসম্মত জীবন ধারা নিশ্চিত করার জন্য পরিবারের চাইতে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকাই মূখ্য”।

### প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “বিতর্ক প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।

ভাষা: বাংলা অথবা ইংরেজী।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/২০২১



## সময় সারণীঃ

সময়	বিষয়বস্তু
১.৫ মিনিট	১ম বিতর্কিক এর পরিচয় ও বক্তব্য
১.৫ মিনিট	২য় বিতর্কিক এর পরিচয় ও বক্তব্য
২ মিনিট	৩য় বিতর্কিক এর পরিচয় ও বক্তব্য

## স্কোরিং:

ক্রমিক নং	বিবরণ	নম্বর
১.	উপস্থাপনা (উচ্চারণ ও বাচনভঙ্গী)	১৫
২.	যুক্তি প্রদান ও যুক্তি খন্ডন	২৫
৩.	তথ্য ও উপাত্ত ব্যবহার	২০
৪.	বিষয়বস্তু (সংশ্লিষ্টতা)	২৫
৫.	সমসাময়িক ও বাস্তব উদাহরণ	১৫

## বিতর্ক প্রতিযোগিতার বিবরণঃ

- দুটি পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হবে।
- বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে অবশ্যই তিন সদস্য বিশিষ্ট দল গঠন করতে হবে। দলের সদস্যগণকে একই বয়স গ্রুপের হতে হবে।
- প্রতিজন বিতর্কিক নির্ধারিত সময়ের মধ্যে বক্তব্য প্রদান করবেন। দুই দলের দলনেতা অতিরিক্ত ১ মিনিট করে সময় পাবেন।
- একটি প্রতিষ্ঠান থেকে শুধুমাত্র একটি দলই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

## প্রথম পর্যায় :

১১/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১৩/১২/২০২১ তারিখে সরাসরি বিতর্কে অংশগ্রহণ করতে হবে। উল্লেখিত বিষয়ের পক্ষে কিংবা বিপক্ষে বিতর্কিকদের বক্তব্য অনলাইনে (Zoom) বিচারকগণ শুনবেন।

## দ্বিতীয় পর্যায়:

প্রথম পর্যায়ে থেকে প্রতিটি বয়স গ্রুপের বাছাইকৃত দুটি দল দ্বিতীয় পর্যায়ে অলিম্পিয়াডের দিন সরাসরি অনলাইনে (Zoom) বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। দ্বিতীয় পর্যায়ে প্রতিযোগিতার বিষয় ১৬/১২/২০২১ তারিখে ই-মেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

## যোগাযোগ:

বিতর্ক প্রতিযোগিতা বিষয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, সাদিয়া ইসলাম কাঞ্চি। ফোনঃ +৮৮০১৭৩১৬১৯১৯৬, ই-মেইল: [sadiaislamkanchi@gmail.com](mailto:sadiaislamkanchi@gmail.com), অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd), ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯.

## বিশেষ দৃষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষণা করা হবে।
- বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

## অন্যান্য:

- প্রতিযোগিতার সময় ক্যামেরা অন রাখতে হবে।
- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ স্কোরধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

একজন অংশগ্রহনকারী / একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

